



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫৩.২০১৬- ১২৭

তারিখ : ১৬/০২/২০২৩ খ্রি.

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানে জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ কলেজ, মধুখালী, ফরিদপুর-এর অধ্যক্ষ জনাব জোৎস্না রানী বিশ্বাস (আইডি-২২৫৫৯) অবসরজনিত কারণে ৩১-০১-২০২৩ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের কৃষি শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব আঃ খাঃ মহিউদ্দিন (আইডি-২৩১৪৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। অপরদিকে কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মির্জা গোলাম ফারুক (আইডি-২৩১৪৪) নিজেকে জ্যেষ্ঠ শিক্ষক দাবী করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বসহ আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। এ অবস্থায় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানে জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত ছক মোতাবেক কর্মরত সকল শিক্ষকের তথ্যসহ জ্যেষ্ঠতার দাবিদার ০২ (দুই) জন শিক্ষক-কে জ্যেষ্ঠতার স্বপক্ষে প্রামাণিক তথ্য ২০-০২-২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

‘ছক’

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবী, আইডি/ইনডেক্স নম্বর ও বিষয়	জন্ম তারিখ	বেসরকারি তথ্য		সরকারি তথ্য			স্বাক্ষর
			যোগদানের তারিখ	এমপিওভুক্তির তারিখ	যোগদানের তারিখ (বিসিএস নিয়োগকৃতদের ব্যাচ উল্লেখ করতে হবে)	এডহক নিয়োগ নিয়মিতকরণের তারিখ	চাকুরী স্থায়ী করণের তারিখ	

For's
16.02.2023

(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)
সহকারী পরিচালক (কলেজ-২)
ফোন: ৪১০৫০৬২৪

(Signature)

- ১। জনাব আঃ খাঃ মহিউদ্দিন (আইডি-২৩১৪৩)
প্রভাষক (কৃষি শিক্ষা)
সরকারি বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ কলেজ, মধুখালী, ফরিদপুর
- ২। জনাব মির্জা গোলাম ফারুক (আইডি-২৩১৪৪)
প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)
সরকারি বীরশ্রেষ্ঠ আব্দুর রউফ কলেজ, মধুখালী, ফরিদপুর

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ২) উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৪) সংরক্ষণ নথি।